

PRINT

# সমকাল

## 'ঢাবিয়ান বলতেই লজ্জায় কুকড়ে যাচ্ছি'

১০ ঘণ্টা আগে

### বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

'নিজ ক্যাম্পাসের বিভীষিকাময় ঘটনার বর্ণনা দিতে গিয়ে আমি ঢাবিয়ান বলতেই এক অসামান্য লজ্জায় কুকড়ে যাচ্ছি। মানসিকভাবে বিপর্যস্ত আমি, আশা করি আইনগত উপায়ে বিচার পাব। তখনই শুধু শান্তিতে নিঃশ্বাস নিতে পারব। এটা এখন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আত্মসম্মানের প্রশ্ন, এটা কেউ অগ্রাহ্য করতে পারেন না।'

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী আসাদুজ্জামান আসাদ ও রোকেয়া গাজী লিনাকে গত ১৪ জুলাই শনিবার বিকেলে একই বিশ্ববিদ্যালয়ের সূর্য সেন হলের প্রথম বর্ষের কিছু শিক্ষার্থী লাঞ্চিত ও মারধর করেন। সেই ঘটনা নিয়ে কথাগুলো বলেছেন লিনা। হামলাকারীরা ছাত্রলীগের কর্মী বলে জানা যায়। তবে তাদের পরিচয় নিশ্চিত হওয়া যায়নি।

ওই ঘটনায় আসাদসহ তিনি গুরুতর আহত হওয়ার পর সেদিন মধ্যরাতে তার ফেসবুক স্ট্যাটাসে ঘটনার বিস্তারিত তুলে ধরেন লিনা। গতকাল সোমবার লিনা সমকালকে এ কথা নিশ্চিত করেছেন। লিনার ভাষ্য, তিনি ও তার বন্ধু আসাদ রিকশার জন্য সূর্যসেন হলের সামনে থেকে

রেজিস্ট্রার ভবনের গেটের দিকে যাচ্ছিলেন। তখন ১০-১২ ছাত্র পথ আটকায়। প্রথমে কথার আক্রমণ, পরে শারীরিক আক্রমণ করে তারা।

লিনা বলেন, আমরা দু'জনই মানসিকভাবে বিপর্যস্ত। নিজের ক্যাম্পাসে এরকম শারীরিক, মানসিক লাঞ্ছনা ও হামলার শিকার হব, সেটা মেনে নেওয়া অসম্ভব। পরিচয়পত্র দেখানোর পর এবং তাদের সিনিয়র জানার পরও তারা লাঞ্চিত করল। যে জুনিয়র বোন বা ভাই সবে ক্যাম্পাসে এলো, তাহলে তাদের নিরাপত্তা কী? আমার ক্যাম্পাসে আমি অতর্কিত হামলার শিকার হব কেন?

অনেকের অনেক প্রশ্ন মনে জাগছে বা বিষয়টার সঙ্গে অন্য কোনো কিছু যুক্ত কি-না জানতে চাইছেন। আমি এই বিষয়টি

পরিষ্কার করে দিচ্ছি। আমাদের যারা চেনেন তারা নির্দিষ্টভাবে বলতে পারবেন, আমাদের এই ঘটনার পেছনে অন্য কোনো কিছুর সংশ্লিষ্টতা নেই। সম্পূর্ণভাবে আমাদের অসম্মান করা হয়েছে। আমাদের যথেষ্ট সম্মান এবং পরিষ্কার ইমেজ আছে ক্যাম্পাসে সবার কাছে।

এ ব্যাপারে লিনা ও আসাদ প্রশাসনের কাছে লিখিত অভিযোগ দেবেন। তারা ন্যায়বিচার পাবেন বলে প্রশাসন তাদের আশ্বস্ত করেছে।

---

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com